# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৯৪

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সালাম ও কথাবার্তার পর সিজদা সাহ্উ করা।

باب مَا جَاءَ فِي سَجْدَتَىِ السَّهْوِ بَعْدَ السَّلاَمِ وَالْكَلاَمِ .

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مَنِيعٍ، حَدَّثَنَا هُشَيْمٌ، عَنْ هِشَامِ بْنِ حَسَّانَ، عَنْ مُحَمَّدِ بْنِ سِيرِينَ، عَنْ أَبِي هُرَيْرَةَ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم سَجَدَهُمَا بَعْدَ السَّلاَمِ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَقَدْ رَوَاهُ أَيُّوبُ وَغَيْرُ وَاحِدٍ عَنِ ابْنِ سِيرِينَ . وَحَدِيثُ ابْنِ مَسْعُودٍ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ بَعْضِ أَهْلِ الْعِلْمِ قَالُوا إِذَا صَلَّى الرَّجُلُ الظُّهْرَ خَمْسًا فَصَلاَتُهُ جَائِزَةٌ وَسَجَدَ سَجْدَتَىِ السَّهْوِ وَإِنْ لَمْ يَجْلِسْ فِي الرَّابِعَةِ . وَهُوَ قَوْلُ الشَّافِعِيِّ وَأَحْمَدَ وَإِسْحَاقَ . وَقَالَ بَعْضُهُمْ إِذَا صَلَّى الظُّهْرَ خَمْسًا وَلَمْ يَقْعُدْ فِي الرَّابِعَةِ مِقْدَارَ التَّشَهُّدِ فَسَدَتْ صَلاَتُهُ . وَهُوَ قَوْلُ سُفْيَانَ الثَّوْرِيِّ وَبَعْضِ أَهْلِ الْكُوفَةِ .

বাংলা

৩৯৪. আহমদ ইবনু মানী (রহঃ) ..... আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালামের পর সিজদা সাহু করেছেন। - ইবনু মাজাহ ১২১৪, বুখারি ও মুসলিমে বিস্তারিত, তিরমিজী হাদিস নম্বরঃ ৩৯৪ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেনঃ এই হাদীসটি হাসান-সহীহ। আয়্যুব (রহঃ) এবং অপরাপর রাবীগণ ইবনু সীরীন (রহঃ)-এর সূত্রে এটি রিওয়ায়াত করেছেন। ইবনু মাসঊদ রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটিও (৩৯০ নং) হাসান-সহীহ। কতক আলিম এই হাদীস অনুসারে আমল করেছেন। তারা বলেনঃ কেউ যদি যোহরের সালাত ভুলে পাঁচ রাকআত পড়ে ফেলে আর যদি সে চার রাকআতের পর নাও বসে, তবে তার সালাত হয়ে যাবে। কিন্তু তাকে সিজদা সাহু করতে হবে। এ হ’ল ইমাম শাফিঈ, আহমদ ও ইসহাক (রহঃ)-এর অভিমত। আলিমগণের কেউ কেউ বলেনঃ কেউ যদি যোহরের সালাত পাঁচ রাকআত পড়ে ফেলে আর সে যদি চতুর্থ রাকআতের পর তাশাহ্হুদ পরিমাণ না বসে, তবে তার সালাত ফাসিদ হয়ে যাবে। এ হ’ল (ইমাম আবূ হানীফা) সুফইয়ান সাওরী ও কতক কূফাবাসী আলিমের বক্তব্য।

## English

Abu Hurairah narrated:
"The Prophet (S) performed two prostrations after the Salam."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=17583

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন